

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.১০১.১৯-২৭

তারিখঃ ২৯ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১৩ জানুয়ারী ২০২১ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(খ) ধারার বিধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-১৮৩২ নং প্রজ্ঞাপন এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৫৪৮০/২০১৯ এর ০১/০৭/২০১৯ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে মুজিবনগর কর্মচারীকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করে জনাব তাজুল ইসলাম মোঃ নূরুন্নবী, (জন্ম তারিখ ০৫/০১/১৯৬১ খ্রিঃ) রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকাকে তাঁর বয়স ৬০ বছর পূর্তিতে ০৪/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুমা হিসেবে ০৫/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ০৪/০১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষর

( মোঃ শামসুদ্দীন )  
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)  
ফোন:-৮৩৯১৬৩৪

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.১০১.১৯-২৭ (২)

তারিখঃ ২৯ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১৩ জানুয়ারী ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

০২। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

০৫। জনাব তাজুল ইসলাম মোঃ নূরুন্নবী, রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।



( মোঃ শামসুদ্দীন )  
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)